

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা  
জনসংযোগ অধিশাখা  
[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)

নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯- ১৩৫

তারিখ: ১৭ মে, ২০২২ খ্রিস্টাব্দ


সংবাদ বিজ্ঞপ্তি

মনোনয়নপত্র জমাদানে বাঁধা প্রদান করায় মাদারীপুর জেলার কালকিনি উপজেলার পূর্ব এনায়েতনগর ইউনিয়ন পরিষদ নির্বাচন মাননীয় নির্বাচন কমিশন স্থগিত ঘোষণা করেছে। বাঁধা দানের বিষয়ে আগামী ২৪ ঘন্টার মধ্যে তদন্তপূর্বক নির্বাচন কমিশনে রিপোর্ট প্রদানের জন্য মাদারীপুরের জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা নির্বাচন অফিসার এবং সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে নির্দেশ প্রদান করা হয়েছে।

উল্লেখ্য আজ ছিল কুমিল্লা সিটি কর্পোরেশন, ৬টি পৌরসভা ও ১৩৫টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন।

কালকিনি উপজেলার পূর্ব এনায়েতনগর ইউনিয়ন পরিষদ নির্বাচনে নিয়ামুল আকন নামে একজন চেয়ারম্যান পদপ্রার্থী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র জমা দিতে আসলে একদল লোক তাঁকে বাঁধা প্রদান করে। বিষয়টি রিটার্নিং অফিসারের নজরে নিয়ে আসা হলে রিটার্নিং অফিসার মনোনয়নপত্রটি গ্রহণের উদ্যোগ গ্রহণ করেন। এতে দুষ্কৃতিকারীরা রিটার্নিং অফিসারের উপরও আক্রমণ করেন।

উল্লিখিত বিষয়টি নির্বাচন কমিশনকে জানানো হলে মাননীয় নির্বাচন কমিশন এনায়েতনগর ইউনিয়ন পরিষদ নির্বাচন স্থগিত ঘোষণা করেন এবং তদন্তের নির্দেশ প্রদান করেন। তদন্তে কারও বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলার প্রমাণ পাওয়া গেলে তার বিরুদ্ধেও ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
( এস এম আসাদুজ্জামান )  
পরিচালক (জনসংযোগ)  
ও যুগ্মসচিব (সিসি)  
ফোন: ৫৫০০৭৫২০